**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-৩ শাখা
www.mopa.gov.bd

# জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান বিষয়ক ৪র্থ প্রান্তিকের (এপ্রিল-জুন/২০২১) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব কে এম আলী আজম<br>সিনিয়র সচিব<br>জনপ্রশাসন মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৯ জুন ২০২১ খ্রি. |
| সময় | : | সকাল ১১.৪৫ মিনিট<br>Zoom app এর মাধ্যমে। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করা হয়। সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

ক) বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান; এবং
গ) বিবিধ আলোচনা।

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কমিটির সকল সদস্যকে কার্যবিবরণীর কপি সরবরাহ করা হয়। কোন সংশোধনী না থাকায় কমিটির সদস্যগণের সম্মতিতে পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি-ক:** বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

এ পর্যায়ে আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম বিষয়ক তথ্য ধারাবাহিকভাবে পেশ করা হয়। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক ও দপ্তর/সংস্থার নাম | আলোচ্য বিষয়/আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা। | সভাকে অবহিত করা হয়:<br><br>১.বিপিএটিসি'র শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়ন করা হচ্ছে। ২৩/০৫/২০২১ তারিখে ২০২০-২০২১ অর্থবছরে কেন্দ্রের একজন কর্মকর্তা এবং একজন কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে।<br><br>২. বিপিএটিসি'র ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার সকল প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার অর্জিত লক্ষ্যমাত্রা ৯৬ %।<br><br>৩. বিপিএটিসি'র মাসিক সমন্বয় সভায় শুদ্ধাচার কর্মপরিকল্পনার অগ্রগতি বিষয়ে আলোচনা হয়।<br><br>৪. প্রশিক্ষণার্থীদের কলমচিত্র (TCR) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়। এ বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হয়।<br><br>৫. প্রশিক্ষণকালে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রমে পারফরম্যান্স মূল্যায়ন করে পারফরম্যান্স বা কলমচিত্র (TCR) প্রস্তুত করা হচ্ছে। | ১. বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণকসমূহ যথাসময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>২. মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট কর্মকর্তাদের TCR সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ এবং প্রেরিত তথ্যের আলোকে যথাযথ ব্যবস্থা নেয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br><br>৩. কলম চিত্র (TCR) সময়োপযোগীকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৪. প্রশিক্ষণার্থীদের যথাযথ মূল্যায়ন এর লক্ষ্যে Develop-কৃত অ্যাপস ব্যবহার নিশ্চিত করতে হবে।<br><br>৫. বিপিএটিসি-তে e-GP, e-Filing ১০০% বাস্তবায়নের | রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা। |

| | | | |
|---|---|---|---|
| | ৬. বিপিএটিসি'র প্রশিক্ষণার্থীদের যথাযথ মূল্যায়ন-এর লক্ষ্যে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের জন্য FTC (BPATC apps) এবং উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সের জন্য (Performance app) নামে দুটি Develop-কৃত অ্যাপস ব্যবহার করা হচ্ছে।<br>৭. ২০২০-২০২১ অর্থবছরে বিপিএটিসি'র পণ্য, সেবা এবং পূর্ত কাজ ৮০% e-GP পদ্ধতিতে সম্পন্ন হয়েছে। e-filing এর মাধ্যমে ১০০% দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করার চেষ্টা অব্যাহত আছে।<br>সভায় মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট কর্মকর্তাদের TCR সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ এবং প্রেরিত তথ্যের আলোকে যথাযথ ব্যবস্থা নেয়ার বিষয়টি নিশ্চিত করণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। TCR পর্যালোচনা করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যে রিপোর্টি প্রস্তুত করা হয় তার মানন্নোয়নের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | ব্যবস্থা নিতে হবে। | |
| ২. বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা। | সভাকে জানানো হয়:<br>১. বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রয়েছে। চলিত ২০২০-২০২১ অর্থবছরে বিসিএস প্রশাসন একাডেমির ১ম হতে ১০ম গ্রেডের একজন কর্মকর্তা এবং ১১তম হতে ২০তম গ্রেডের একজন কর্মচারীকে গত ০৯/০৬/২০২১ তারিখে আনুষ্ঠানিকভাবে জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০২-২০২১ প্রদান করা হয়েছে।<br>২. বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমির ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার সকল প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।<br>৩. বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে e-filing কার্যক্রম ১০০% বাস্তবায়িত হচ্ছে। তবে e-GP কার্যক্রম ১০০% বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।<br>৪. বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমির মাসিক সমন্বয় সভায় জাতীয় শুদ্ধাচার বিষয়টি অন্তর্ভুক্তি আছে।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১. বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমির ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণকসমূহ যথাসময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২. একাডেমিতে e-GP, e-Filing ১০০% বাস্তবায়নের ব্যবস্থা নিতে হবে। | রেক্টর, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা। |
| ৩. বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন | সভাকে জানানো হয়:<br>১. বিয়ামের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন অব্যাহত রয়েছে।<br>২. বিয়ামের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার সকল প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট রয়েছে।<br>৩. ২০১৯-২০ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার স্বল্পতম সময়ে সম্পন্ন করা হবে।<br>৪. বিয়ামে ই-জিপি এবং ই-ফাইলিং ১০০% | ১. বিয়ামের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণকসমূহ যথাসময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২. শুদ্ধাচার পুরস্কার প্রদান নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br>৩. বিয়ামে ই-জিপি এবং ই-ফাইলিং ১০০% বাস্তবায়ন করার | মহাপরিচালক বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন |

| | | | |
|---|---|---|---|
| | বাস্তবায়ন করা হয়।<br>৫. মাসিক সমন্বয় সভার আলোচনায় শুদ্ধাচার সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত করা হয়।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ব্যবস্থা নিতে হবে। | |
| ৪. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড | সভাকে অবহিত করা হয়:<br>০১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভা ০১/০৪/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br>০২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী কার্য সম্পাদন হচ্ছে;<br>০৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী প্রধান ও বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য বছরে ৫০ ঘন্টা নিবিড় প্রশিক্ষণ অব্যাহত রয়েছে।<br>০৪। প্রধান কার্যালয়ে অনুসৃত Automation Software এর কার্যক্রম বিভাগীয় কার্যালয়, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, রংপুর ও রাজশাহীতে শুরু করা হয়েছে।<br>০৫। প্রজাতন্ত্রের ১১-২০ গ্রেডে কর্মরত সরকারি কর্মচারীদের সন্তানদের শিক্ষাবৃত্তি/শিক্ষা সহায়তা (২) অক্ষম/অবসরপ্রাপ্ত/মৃত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের শিক্ষাবৃত্তির কার্যক্রম অনলাইনে সম্পাদন করা হচ্ছে এবং অনুদানের টাকা EFT এর মাধ্যমে কর্মচারীর অ্যাকাউন্টে প্রেরণ করা হচ্ছে।<br>০৬। কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদানের জন্য নতুন সফট্ওয়্যার প্রস্তুত করা হয়েছে এবং উক্ত অনুদান কার্যক্রম ০১ নভেম্বর, ২০২০ তারিখ হতে অনলাইনের মাধ্যমে সম্পাদন করা হচ্ছে।<br>০৭। বোর্ডের সকল অনলাইন সেবা একটি প্লাটফর্মে একই ডোমেইন এর আওতায় আনার লক্ষ্যে Unique Registration System প্রণয়ন করে অনলাইন সফটওয়্যার এর সাথে সমন্বয়পূর্বক বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর ডাটা সেন্টারে হোস্টিং করা হয়েছো। এটি বাস্তবায়ন সংক্রান্ত একটি পরিপত্র ১৩/১২/২০২০ তারিখে জারি করা হয়েছে।<br>০৭। প্রতিটি বিভাগীয় কার্যালয়ের নিজস্ব ওয়েবসাইট খোলা হয়েছে।<br>০৮। প্রধান কার্যালয়ের ই-ফাইলিং এর কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>০৯। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের | ১. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণকসমূহ যথাসময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২. শুদ্ধাচার পুরস্কার প্রদান নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br>৩. Automation Software এর কার্যক্রম বিভাগীয় কার্যালয়ে সম্প্রসারণ অব্যাহত রাখতে হবে।<br>৪. ই-ফাইল এ ইজিপি শতভাগ বাস্তবায়ন করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড |

| | | | |
|---|---|---|---|
| | প্রধান কার্যালয়ের কর্মকতা-কর্মচারীদের ডিজিটাল হাজিরা নিশ্চিত করা হয়েছে।<br><br>১০। আইনের সংশ্লিষ্ট ধারা সংশোধিত হওয়ায় ইতোমধ্যে কল্যাণের চাঁদা, যৌথবীমার প্রিমিয়াম যথাক্রমে ১৫০/- ও ১০০/- সর্বোচ্চ করা হয়েছে। কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার ব্যয় ১লা জুলাই, ২০১৯ তারিখ হতে দ্বিগুণ হারে প্রদান করা হচ্ছে।<br><br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | |
| ৫. মুদ্রণ এ প্রকাশনা অধিদপ্তর | সভাকে জানানো হয়:<br><br>১. ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা অনুযায়ী মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ অধিদপ্তরের ১০/১০/২০২১ তারিখে ০৫.০৪.০০০০.০০৯.৩৪.০০৮.১৯/৮২৮ সংখ্যক স্মারকমূলে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ২০২০-২০২১ অর্থ বছরের ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>**২.**এ অধিদপ্তরের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার অধিকাংশ লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে এবং প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম চলমান রয়েছে।<br><br>**৩.** মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এবং অধীনস্থ অফিস ও প্রেসসমূহের শুন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে এ কার্যালয়ের ২৩/০১/২০২০ তারিখের ০৫.০৪.০০০০.০০৯.৩৪.০০১. ১৩(অংশ)/২০৮, সংখ্যক স্মারকের প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ২৬/০৬/২০২০ তারিখের ০৫.০০.০০০০. ১৬৬.১১. ০০২.১৯-৩৩১ নম্বর স্মারকের মাধ্যমে ৩২৩ পদের একটি সংশোধিত ছাড়পত্র পাওয়া গেছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০/০৩/২০২১ তারিখের ৬৯ সংখ্যক স্মারকমূলে অনলাইনে আবেদনপত্র গ্রহণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর সাথে চুক্তি সম্পাদনের বিষয়ে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। তাছাড়া মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে জেলা কোটা সংশ্লিষ্ট পদের মোট মঞ্জুরিকৃত পদের ভিত্তিতে নির্ধারণ হবে নাকি মোট ছাড়কৃত পদের ভিত্তিতে নির্ধারণ হবে সে বিষয়ে অধিকতর সুনিশ্চিত হওয়ার লক্ষ্যে এ কার্যালয়ের ০৪/০৪/২০২১ তারিখের ৬৩৩ সংখ্যক স্মারকমূলে বিধি অনুবিভাগের মতামত প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। বর্তমানে জনবল নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>**৪.** ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পন্ন করা হচ্ছে। | ১. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণকসমূহ যথাসময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>২. শূন্য পদে নিয়োগ প্রদান কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>৩. ই-ফাইল ও ই-জিপি শতভাগ বাস্তবায়ন করতে হবে। | মহাপরিচালক মুদ্রণ এ প্রকাশনা অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন অফিস/প্রেসে দাপ্তরিক কাজে ই-নথির কার্যক্রম বাড়ানোর জন্য কর্মকর্তা/কর্মচারীদের এ বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ২০২০-২১ অর্থবছরে এ পর্যন্ত মোট ক্রয়ের মধ্যে যেসকল ক্রয় ই-জিপির মাধ্যমে সম্পন্ন করা সম্ভব হয়েছে তার ১০০% কার্যক্রম ই-জিপির মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।<br>**৫.** এ অধিদপ্তরের চলতি জুন/২০২১ মাসের মাসিক সমন্বয় সভায় শুদ্ধাচার সংক্রান্ত বিষয় অন্তর্ভূক্ত করা হয়েছে।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | |
| **৬. সরকারি যানবাহন অধিদপ্তর** | সভাকে জানানো হয়:<br>১. সরকারি যানবাহন অধিদপ্তরে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে।<br>২. শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর সকল প্রান্তিকের লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট সকলের প্রচেষ্টায় যথাযথভাবে অর্জিত হয়েছে।<br>৩. সরকারি যানবাহন অধিদপ্তরে ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পত্তি এবং ইজিপির মাধ্যমে ক্রয় ও সংগ্রহ কার্যক্রম সংশ্লিস্ট লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ সম্পন্ন হয়েছে।<br>৪. ক. সরকারি যানবাহন অধিদপ্তরে ২০২০-২১ অর্থবছরে ৮৬টি গাড়ি, ১০টি স্পীড বোট ইঞ্জিন ও ৪টি স্পীডবোট বড়ি অকেজো ঘোষিত হয়েছে।<br>খ. ৮৪টি অকেজো গাড়ি বিক্রয় বাবদ ১,৫৯,৩৭,১৬৯/-(এক কোটি উনষাট লক্ষ সাইত্রিশ হাজার একশত উনসত্তর) টাকা এবং ৯টি স্পীডবোট ইঞ্জিন ও ৪ স্পিডবোট বড়ি বিক্রয় বাবদ ৫,৬৯,৮১২.৫/-(পাঁচ লক্ষ উনসত্তর আটশত বার দশমিক পাঁচ) টাকা সর্বমোট ১,৬৫,০৬,৯৮১.৫০ টাকা সরকারি কোষাঘারে জমা হয়েছে।<br>গ. সরকারি যানবাহন অধিদপ্তর এবং বিভিন্ন জেলা পুল ও উপজেলা প্রশাসনের ১৫৮টি যানবাহন অকেজো ঘোষনার প্রক্রিয়াধীন রয়েছে।<br>৫. ৭০৯টি পদের বিপরীতে ৩৫,৬৭৭টি আবেদন পাওয়া গিয়াছে। নিয়োগের কার্যক্রম অব্যাহত আছে।<br>৬. সরকারি যানবাহন অধিদপ্তরের মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে শুদ্ধাচার কর্মপরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়ে থাকে।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১. সরকারি যানবাহন অধিদপ্তর এর ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণকসমূহ যথাসময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২. ই-ফাইল ও ই-জিপি শতভাগ বাস্তবায়ন করতে হবে।<br>৩. পুরাতন ও অকেজো গাড়ি যৌক্তিক পর্যায়ে দ্রুত বিক্রয়/অপসারণের ব্যবস্থা করতে হবে।<br>৪. শূন্য পদে নিয়োগ প্রদান কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | পরিবহন কমিশনার<br>সরকারি যানবাহন অধিদপ্তর |
| **৭. সরকারি কর্মচারী হাসপাতাল** | সভাকে অবহিত করা হয়:<br>১. চলতি ২০২০-২১ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার খাতে (৩২১১১০১-পুরস্কার) প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রয়েছে। ইতোমধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে।<br>২. শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>৩. সরকারি কর্মচারী হাসপাতালে নিরাপত্তা ও পরিচ্ছন্নতা উন্নয়নে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | ১. সরকারি কর্মচারী হাসপাতালের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণকসমূহ যথাসময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২. সরকারি কর্মচারী হাসপাতালের নিরাপত্তা ও পরিচ্ছন্নতা নিশ্চিতকল্পে গৃহীত পদক্ষেপসমূহ অব্যাহত রাখতে | পরিচালক<br>সরকারি কর্মচারী হাসপাতাল |

| | | | |
|---|---|---|---|
| | ৪. কর্মকর্তা-কর্মচারীদের যথাযথ প্রশিক্ষণ প্রদান সাপেক্ষে ই-ফাইল ও ই-জিপি বাস্তবায়ন করা হবে।<br>৫. মাসিক সমন্বয় সভার আলোচনায় শুদ্ধাচার সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত করা হয়।<br><br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | হবে।<br>৩. ই-ফাইল ও ই-জিপি শতভাগ বাস্তবায়ন করতে হবে। | |

**আলোচ্যসূচি-খ: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান:**

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়ন অগ্রগতির ৪র্থ প্রান্তিকের (এপ্রিল-জুন/২০২১) প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের প্রদত্ত ছক মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় দপ্তর/সংস্থাসমূহের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের অধিকাংশ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। যেসকল লক্ষ্যমাত্রা এখনও অর্জিত হয়নি তা নির্ধারিত সময়ের (৩০ জুন ২০২১) এর মধ্যে অর্জিত হবে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং প্রয়োজনীয় নির্দেশনা/ফিডব্যাক প্রদান করা হয়।

**সিদ্ধান্ত:** জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণকসমূহ যথাসময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০.০৬.২১

**কে এম আলী আজম**
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়।

নং-০৫.০০.০০০০.১৮২.৯৯.০০১.২০-৭৭৪

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৭ / ৩০ জুন ২০২১

**প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা;
০৩. রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা;
০৪. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারি কল্যাণ বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা;
০৫. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
০৬. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, নিউ ইস্কাটন, ঢাকা;
০৭. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৮. অতিরিক্ত সচিব (সংস্কার ও গবেষণা/সংগঠন ও ব্যবস্থাপনা/বিধি/সিপিটি/প্রশাসন/এপিডি/শৃঙ্খলা ও তদন্ত/ আইন অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৯. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা;
১০. পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা;
১১. যুগ্মসচিব (শৃঙ্খলা-১/শৃঙ্খলা-২/বাজেট/সিপি/উন্নয়ন/পিএসসি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৩. সিনিয়র সহকারী সচিব (শুদ্ধাচার শাখা), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন, ঢাকা;
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট (পি.এ.সি.সি.) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড নিশ্চিতকরণের জন্য); এবং
১৫. অফিস কপি/মাস্টার কপি।

৩০/০৬/২০২১

(মেহেদী হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৪০৮১
dis3@mopa.gov.bd